

২০২৪

ষষ্ঠ সেমিস্টার

বাংলা - সাধারণ

পত্র : DSE-B-1 and DSE-B-2

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

DSE-B-1

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির প্রেক্ষাপটে দেশভাগ ও দাঙ্গার যে ভয়াবহ বর্ণনা রয়েছে, তা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

অথবা,

- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটিতে জোটন চরিত্রটির ভূমিকা আলোচনা করো। ১০

- ২। (ক) 'জটায়ু' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

- (খ) 'গণনায়ক' গল্পের ইজারাদার সাহেব চরিত্রটির নির্মাণে লেখকের দক্ষতার মূল্যায়ন করো। ১০

- ৩। (ক) বিষ্ণু দে রচিত 'জল দাও' কবিতায় দেশভাগের প্রেক্ষিতে কবির সংবেদনা কীভাবে বাণীরূপ লাভ করেছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা,

- (খ) মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের 'বাংলা, হায় বাংলা' কবিতার মর্মকথা বিশ্লেষণ করো। ১০

- ৪। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে মালতী চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ৫

অথবা,

- (খ) "সাদা জ্যোৎস্নায় এমন এক শিশুর মতো যুবকটিকে নিয়ে কেবল খেলা করে বেড়াতে ইচ্ছে হচ্ছে।" — কোন প্রসঙ্গে এই উক্তিটি করা হয়েছে? এই অনুভবের কারণ কী? ২+৩

- ৫। (ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' গল্পটিতে দুর্গা ও সুদামের ভালোবাসার ছবি একটি আশ্রয়কে কেন্দ্র করে কীভাবে বিকশিত হয়েছে, তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

অথবা,

- (খ) "গোটা জাতটারই শিরদাঁড়া বেঁকে গেছে" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

Please Turn Over

- ৬। (ক) “আমরাই একে অন্যের হৃদয়ের অনুবাদ/মর্মের মধুকর, মঙ্গলের দূত/আমারই চিরন্তন কুশলসাধক” — কোন কবিতার অংশ? প্রসঙ্গ উল্লেখপূর্বক তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+২

অথবা,

- (খ) “আমি তোমাকে বলেছিলাম, এই যাওয়াটা কিছু নয়, আবার আমি ফিরে আসব।”
কোন কবিতার অংশ? কবি কে? কোন প্রসঙ্গে এই উক্তি? ১+১+৩

- ৭। (ক) “তবু ঈশম এপোড়া বাংলাদেশে আবার ফিরে আসতে চায়, আবার জন্ম নিতে চায়” — ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাস থেকে উদ্ধৃত এই বাক্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (খ) “আজ এখানে কাল সেখানে উড়ে বেড়াব? গাছের ডালে বাসা বানাব?” কোন গল্পের অংশ এটি? কার লেখা গল্প? কোন প্রেক্ষাপটে এই উক্তিটি করা হয়েছে? ১+১+৩

অথবা,

- (গ) “আমার মুখে অন্তহীন আত্মলাঞ্ছনার ক্ষত
আমার বুকে পালানোর আর পালানোর দেশজোড়া স্মৃতি” —
কোন কবিতার অংশ এটি? পঙ্ক্তি দুটিতে কবির ‘দেশজোড়া স্মৃতি’ কীভাবে ব্যক্ত হয়েছে লেখো। ১+৪

- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

- (ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় কবে?
(খ) আবেদালির ছেলের নাম কী?
(গ) “আমার বুঝি ইচ্ছা হয় না ঠান্ডা পানিতে গোসল করি” — কার উক্তি? কাকে বলেছে?
(ঘ) বড়বাড়ির হাতির মাছতের নাম কী?
(ঙ) ‘করণ কন্যা’ গল্পটির লেখকের নাম লেখো।
(চ) ‘ড্রেসিং টেবিল’ গল্পে কথক শেষ পর্যন্ত কিসের চাকরি পায়?
(ছ) ‘গণনায়ক’ গল্পের প্রেক্ষাপট কী?
(জ) রহিমুদ্দিন চৌধুরী কোন গল্পের চরিত্র?
(ঝ) চৌঁচিয়ে ডাকে, ‘দুর্গা রে, দুগ্গা’ — কোন গল্পের অংশ? কে ডাকে?
(ঞ) ‘পালঙ্ক’ গল্পে পালঙ্কটা রাজমোহন কত টাকায় বেচে দিয়েছিলেন?
(ট) ‘১৫ই আগস্ট : ১৯৪৭’ কবিতায় কোন কোন নদীর কথা আছে?
(ঠ) ‘পারাপার’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
(ড) “তোমাকে বলেছিলাম” — কবি কাকে কী বলেছিলেন?
(ঢ) “আমার চোখের পরিপূরক আকাশ নেই” — কার লেখা, কোন কবিতার অংশ?
(ণ) ‘বাংলা, হয় বাংলা’ কবিতায় জন্মভূমির ডাককে কবি কিসের সঙ্গে তুলনা করেছেন?

DSE-B-2

[লোকসাহিত্য ও লোকসংস্কৃতি]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) লোকসংস্কৃতি বলতে কী বোঝো? লোকসংস্কৃতির শ্রেণিবিভাগ করে তার পরিচয় দাও। ২+২+৬
- অথবা,**
- (খ) ব্রতের সংজ্ঞা উল্লেখ করে সেই ব্রতের পরিচয় দাও। ২+৮
- ২। (ক) লোকনৃত্যের সংজ্ঞা দাও, লোকনৃত্য হিসাবে ছৌ নৃত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮
- অথবা,**
- (খ) বাংলা ধাঁধার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০
- ৩। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করে বাংলা প্রবাদের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ৪+৬
- অথবা,**
- (খ) বাংলার লোকগান হিসাবে বাউল গানের পরিচয় দাও। ১০
- ৪। (ক) পুণ্যপুকুর ব্রতের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- অথবা,**
- (খ) বাক্কেন্দ্রিক লোকসংস্কৃতির পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫
- ৫। (ক) লোকনৃত্য হিসাবে রায়বেঁশের পরিচয় দাও। ৫
- অথবা,**
- (খ) লোকছড়ার বিষয় বৈচিত্র্যের পরিচয় দাও। ৫
- ৬। (ক) বিভিন্ন বৃত্তিজীবী মানুষ যেভাবে প্রবাদের বিষয় হয়েছে সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করো। ৫
- অথবা,**
- (খ) বাংলা লোকসংগীত হিসাবে ভাটিয়ালি গানের পরিচয় দাও। ৫
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১
- (ক) টাইপ ও মোটিফ ইনডেক্স
- (খ) লোকছড়ায় ব্যবহৃত সমাজজীবন
- (গ) নীতিকথার গঠন বৈশিষ্ট্য।

Please Turn Over

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) লোকসাহিত্যে 'লোক' শব্দটির অর্থ কী?
- (খ) Folklore শব্দটি কত খ্রিস্টাব্দে প্রস্তাবিত হয়?
- (গ) টাইপ ও মোটিফ পদ্ধতি বিষয়ক স্টিফ থমসনের বইটির নাম কী?
- (ঘ) কোন মাসে ভাদু ব্রত পালিত হয়?
- (ঙ) পুণ্যপুকুর ব্রত কোন মাসে পালিত হয়?
- (চ) গস্তীরা লোকনৃত্য কোন অঞ্চলে প্রচলিত?
- (ছ) রায়বেঁশে শব্দের অর্থ কী?
- (জ) ধাঁধা ও ছড়ার একটি পার্থক্য লেখো।
- (ঝ) ছৌ নাচ হয় এমন একটি জেলার নাম লেখো।
- (ঞ) বিষয় অনুসারে বাংলা ধাঁধার প্রধান বিভাগ দুটি কী?
- (ট) প্রথম বাংলা প্রবাদের সংকলন কে প্রকাশ করেন?
- (ঠ) Folk Tales of Bengal গ্রন্থটি কে রচনা করেন?
- (ড) রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।
- (ঢ) ভাওয়াইয়া গানে ব্যবহৃত যন্ত্রটির নাম কী?
- (ণ) একজন প্রখ্যাত বাউল সাধকের নাম লেখো।